উপজেলা পরিষদ কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর।

ফেব্রুয়ারি/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

সভার স্থান ঃ উপজেলা রিসোর্স সেন্টার সম্মেলন কক্ষ, হাজির হাট, কমলনগর।

সভার তারিখ ও সময় ঃ ২২.০২.২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হ'লঃ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরন করা হয়। অত:পর সভাপতি চলমান উন্নয়ন কাজের অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য উপস্থিত সকল বিভাগীয় প্রধানকে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুরকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলার প্রতিটি ইউনিয়নে ০৩ টি করে মোট ২৭ টি কেন্দ্রে আগামী ২৬ ফেব্রুয়ারি/২০২২ পর্যন্ত কোভিড-১৯ টিকাদান কার্যক্রম চালু রয়েছে। এ লক্ষ্যে সর্বস্তরের জনসাধারণের কাছে বার্তা পৌঁছানোর জন্য সকল ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। কোভিড-১৯ ভ্যাকসিন তথ্যঃ মোট অদ্যবধি মোট ডোজ প্রদান-১ম ডোজ-১,৩২,৫২১, ২য় ডোজ-১,০৪,২০৬, ৩য় ডোজ (বুস্টার)-৩,৩৪১। এ উপজেলায় করোনার উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেন ০৭ জন, সংগৃহীত নমুনার ফলাফল সবগুলো নেগিটিভ অর্থাৎ করোনা আক্রান্ত ছিলেন না। গত জানুয়ারি/২০২২ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সঃ নরমাল ডেলিভারী ২৭ জন মা ও নবজাতক সুস্থ্য ও স্বাভাবিক রয়েছে। হাসপাতালে নরমাল ডেলিভারীর সকল সুযোগ সুবিধা রয়েছে। প্রাতিষ্ঠানিক ডেলিভারী নিশ্চিতকরণে সকলের সহযোগিতা কামনা করেন। হাসপাতালের সংস্কার, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং শোভাবৃদ্ধির কাজ চলমান রয়েছে। হাসপাতালে জীন এক্সপার্ট ও ডিজিটাল এক্স-রে মেশিন স্থাপন করা হয়েছে। ফ্লু কর্ণার (জ্বর, সর্দি, কাশি, শ্বাস কষ্ট) রোগীর সংখ্যাঃ ১১৪ জন, বহিঃ বিভাগঃ ৭২৩৫ জন, জরুরী বিভাগঃ ৫৮২ জন, ভর্তি রোগীঃ ৬০৮ জন রোগীকে যথাযথভাবে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কমিউনিটি ক্লিনিক সমূহ সকাল ৮.০০ টা হইতে ৩.০০ টা পর্যন্ত সামাজিক দূরত্ব বজায় রেখে কার্যক্রম চলমান রয়েছে। গত মাসে মোট সেবা প্রদান-১১৩৭৮জন (শিশু-১০৭২, সাধারণ-৯৭২৩, পরিবার পরিকল্পনা-৫৮৩)। | ১। স্বাস্থ্য বিভাগে রোগীদের চিকিৎসা সেবা যথাযথভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হয়।<br>২। করোনা ভাইরাস পরিস্থিতিতে উপজেলায় করোনা রোগীদের যথাযথ সেবা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৩। করোনা রোগীদের আইসোলেশন ব্যবস্থা ও হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৪। আগামী ২৬/০২/২০২২ তারিখের মধ্যেই কোভিড-১৯ এর ১ম ডোজ টিকা প্রদান কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত:পর তিনি উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদান সম্পর্কিত পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন। পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি জানুয়ারি/২০২২ খ্রিঃ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহিতাঃ মহিলা বন্ধ্যাকরন ০৩ জন, পুরুষ বন্ধ্যাকরন ০০ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ ইমপ্লান্ট ৯২ জন, আইইউডি ৫২ জন, অস্থায়ী পদ্ধতি ঃ খাবার বড়ি বিতরন ৬২১৪ সাইকেল, কনডম বিতরন ৭১৫৯ পিস, ইনজেকটেবল ৩০৩৮ ভায়াল, মিসোপ্রোস্টল ৩১৭ ডোজ, প্রসবসেবা ১৩৮ জন, সাধারন রোগী ১৫০০ জন। উপজেলায় মোট সক্ষম দম্পতি ৩৪৩২৯ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ২৫৭২৪ জন, পদ্ধতি গ্রহনকারীর হার ৭৪.৯৩%। উপজেলায় উঠান বৈঠকের সংখ্যা ৬৯ টি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ঔষধ সরবরাহ স্বাভাবিক আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>আশ্রয়ন প্রকল্পের প্রতিবেদনঃ চরঠিকা আশ্রায়ন প্রকল্পে পরিবারের সংখ্যা ১০০ জন, পরিবারের সদস্য সংখ্যা ৩৮২ জন, সক্ষম দম্পতি ৭৬ জন, স্থায়ী পদ্ধতি গ্রহনকারী ০১ জন, ইমপ্লান্ট গ্রহনকারী ০১ জন, আইইউডি | ১। মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম বৃদ্ধিসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহনের অনুরোধ করা হয়।<br>৩। উঠান বৈঠকে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।<br>৪। আশ্রয়ন প্রকল্পে পরিবার পরিকল্পনা কার্যক্রম আরো বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলনগর। |

| | | | |
|---|---|---|---|
| | ০০ জন, অস্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৪৫ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ৪৬ জন, অগ্রহনকারী ৩০ জন। | | |
| ০৩ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা প্রকৌশলীর অফিসে একটি কম্পিউটার পাওয়া যাচ্ছে না। হয়তো রাতে তা চুরি হয়ে গেছে। তাই উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরে যে সে সকল নৈশ প্রহরী রয়েছে তাদের একটি ডিউটি রোস্টার করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে বিনীত অনুরোধ করেন। পল্লী সড়ক কালভার্ট মেরামত/সংরক্ষণ প্রকল্প। ২০২১-২২ অর্থ বৎসরের ৫ টি সড়ক ও ১ টি কালভার্ট এর কাজ চলমান। গ্রাম সড়ক পুনর্বাসন প্রকল্প ৩ টি সড়কের কাজ শেষ হয়েছে। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর ২৭ টি স্কীমের কাজ শেষ হয়েছে। ২০২১-২২ অর্থ বৎসরে এডিপি এর দরপত্র আহবান করা হয়েছে। তিনি আরো জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০১ ফেব্রুয়ারি/২০২২ তারিখের স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০২.৫৩.০৫৩.২০১৮-৭৬ মোতাবেক ক্রমিক নং ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা পরিষদ হলরুম টাইলস করন বাবদ ৭,৯২,১৩২/-টাকা, ৪। উপজেলা পরিষদের হলরুম ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৭,৭০,৮৪০/-টাকা সর্বমোট ১৫,৬২,৯৭২/- টাকা ইতোপূর্বে টেন্ডার আহবান করা হয়েছে এবং ক্রমিক নং ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিম কক্ষ সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৪,৭৫,৪৫১/- টাকা, ২। উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৬,৫৯.৬০০/- টাকা ও ৫। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার ও রংকরন বাবদ ২,৪৩,৩৯০/-টাকা, সর্বমোট ১৩,৭৮,৪৪১/-টাকা ৪ টি প্যাকেজে RFQ পক্রিয়ার মাধ্যমে কাজগুলি করার জন্য অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০১ ফেব্রুয়ারি/২০২২ তারিখের স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০২.৫৩.০৫৩.২০১৮-৭৬ মোতাবেক ক্রমিক নং ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিম কক্ষ সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৪,৭৫,৪৫১/- টাকা, ২। উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৬,৫৯.৬০০/- টাকা ও ৫। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার ও রংকরন বাবদ ২,৪৩,৩৯০/-টাকা, সর্বমোট ১৩,৭৮,৪৪১/-টাকা ৪ টি প্যাকেজে RFQ প্রক্রিয়ার মাধ্যমে কাজগুলি করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ ইকতারুল ইসলাম সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ২২/০২/২০২২খ্রিঃ পর্যন্ত সারের মজুদ যথাক্রমেঃ ইউরিয়া-৩১৫ মেঃ টন, টিএসপি-৩৫ মেঃ টন, এমওপি-৪৩ মেঃ টন এবং ডিএপি-১৮৭ মেঃ টন সারের মজুদ রয়েছে। রবি ২০২১-২২ অর্থ বছরে সয়াবিন ১১৫০০ হেঃ, মরিচ ৫৭০ হেঃ, বাদাম ১০০০ হেঃ, ভুট্টা ৭০ হেঃ, বোরো ২৫০০ হেঃ আবাদ করা হয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। সময়ে সময়ে মাঠ পর্যায়ে কৃষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অবহিতকরণ সভা আয়োজন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলনগর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভাঃ প্রাঃ) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কমলনগর |
| ০৭ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, কমলনগর উপজেলায় অভ্যন্তরীন আমন সংগ্রহ ২০২১-২২ এর আওতায় ১৪১১ মেঃ টন ধান ও ২৯০ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া যায়। সে অনুযায়ী অত্র উপজেলায় আমন ধান সংগ্রহ ১৩০৫ মেঃ টন ও আমন চাল সংগ্রহ ২৩২.০০০ মেঃ টন। আগামী ২৮/০২/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত আমন সংগ্রহ কার্যক্রম চলমান থাকবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষমাত্রা অনুযায়ী আমন সংগ্রহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, কমলনগর |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ আনোয়ার হোসেন সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ফেব্রুয়ারি/২০২২খ্রিঃ প্রাপ্ত মূল ঋণ তহবিল ৩৫,৪১,০০০/-টাকা, মোট ঋণ তহবিল ৪২,৪২,০৯১/-টাকা, চলতি মাসে বিতরণ নাই, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ৫,৯০,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,৪২,৭৫,০০০/-টাকা, মোট ঋণী সংখ্যা ২৭৩ জন, চলতি মাসে আদায় যোগ্য ২,৫২,৪৫০/-টাকা, চলতি মাসে আদায়কৃত ২,৪৭,৫৪০/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ১,২০,১৫,৯৬৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত ১,১১,০৪,৭১৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩%। চলতি বছরে প্রশিক্ষণ ২৭০ জন। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ৪,২৬০ জন। ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা ২,৬৯৪ জন। | ১। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রেখে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কমলনগর |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, | ১। প্রাণি চিকিৎসা ও টিকাদান কার্যক্রম স্বাভাবিক | উপজেলা প্রাণি |

| | | | |
|---|---|---|---|
| | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় ফেব্রুয়ারি/২০২২ মাসের সম্প্রসারণ সমূহ-গবাদি পশুর চিকিৎসা-৯০৫ টি, পোল্ট্রি চিকিৎসা-৪৯৯০ টি, গবাদি পশুর টিকাদান-১০৪৮ টি, পোল্ট্রি টিকাদান-২৭,০০০ টি, কৃত্রিম প্রজনন-৩৩৫ টি। প্রানিসম্পদ প্রদর্শনী-২০২২ সফলভাবে সম্পন্ন হয়েছে। | রাখার জন্য অনুরোধ করা হয়। | সম্পদ কর্মকর্তা, কমলনগর |
| ১১ | সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত ০২ জন রোগীর মাঝে ২য় কিস্তির এককালীন অনুদানের ৫০,০০০/- টাকার ক্রস চেক বিতরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীর ৩য় কিস্তির আবেদনপত্রসমূহ জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুরে প্রেরণ করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদন গ্রহণ কাজ চলমান রয়েছে। প্রতিবন্ধী জরিপ কাজ চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান সকল |
| ১২ | সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমবায় বিভাগের নিবন্ধিত সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় ১১৪ টি ও বিআরডিবি ভুক্ত ৩০ টি, সর্বমোট ১৪৪ টি। ২০২০-২১ সনে অডিটযোগ্য সমিতির সংখ্যা ৮১ টি। ফেব্রুয়ারি/২২ সমিতির অডিট সম্পাদন করা হয়েছে ৫৪ টি, অডিট সম্পাদনের হার ৬৭%। পরিদর্শন/তদারকি ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব ধার্য ১৪,০৮০/- টাকা। আদায়কৃত ১৪,০৮০/- টাকা। আদায়ের হার ১০০%। রাজস্ব খাতে প্রশিক্ষণঃ আইজিএ প্রশিক্ষণ সমাপ্ত পুরুষ, মহিলা ৩৮ জন। চর ঠিকা আশ্রয়ন-২ প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ ৫৫.২০ লক্ষ টাকা। আদায়যোগ্য ঋণ ৫৩.০৯ লক্ষ টাকা। ফেব্রুয়ারি/২২ পর্যন্ত আদায়ের পরিমান ৪১.১৯ লক্ষ টাকা, আদায়ের হার ৭৭%। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় সমবায় অংশঃ ক) প্রকল্পে সমিতি গঠনের লক্ষ্যমাত্রা-৬০ টি, সমিতি গঠনের সংখ্যা-৬০ টি। প্রকল্প প্রশিক্ষণ সমাপ্তঃ এক দিনের প্রশিক্ষণ-২৬৪০ জন। তিন দিনের বিশেষ প্রশিক্ষণ ১৮০ জন। আইজিএ প্রশিক্ষণ মহিলা ৪০ জন ও পুরুষ ৪০ জন। | ১। ঋণ আদায় বৃদ্ধিসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কমলনগর |
| ১৩ | নার্সারী বিভাগ ঃ উপজেলা নার্সারী কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা নার্সারী কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নার্সারী কর্মকর্তা, কমলনগর |
| ১৪ | আনসার ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আঃ ভিডিপি অফিসার |
| ১৫ | মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলনগর |
| ১৬ | পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জনাব মু. আবদুল কাদের মাসুদ সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিবিএস এর মাঠ পর্যায়ের সকল বিভাগ, জেলা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ ২৭ ফেব্রুয়ারি জাতীয় পরিসংখ্যান বিবস-২০২২ উদযাপন ও বাস্তবায়ন হবে। এছাড়াও বোরো ফসলের পূর্বাভাস জরিপ (অংশ-১) Survey on street children-2022 কাজ চলমান। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলনগর |
| ১৭ | জনস্বাস্থ্য বিভাগ ঃ উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলীকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌঃ, জনস্বাস্থ্য বিভাগ |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয় | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলনগর |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ২০ | উপজেলা দারিদ্র বিমোচন বিভাগঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয় | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২১ | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংকঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ফেব্রুয়ারি/২০২২ মাসের অগ্রগতির প্রতিবেদনঃ সঞ্চয় আদায় ১.৬৮ লক্ষ টাকা, ঋণ আদায় ৮৫.৭৫ লক্ষ টাকা, ঋণ বিতরণ ৭৮.৩০ লক্ষ টাকা। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন, সদস্য ভর্তি ও ঋণ আদায় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আগামী মাসিক সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলনগর |

| | | | |
|---|---|---|---|
| ২২ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলনগর জোনাল সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০১ মার্চ/২০২২ তারিখ হতে বিদ্যুৎ লাইনের পাশের গাছগুলোর ডালপালা কাটা হবে। সকলকে এ কার্যক্রমে সহযোগিতা করার অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | এজিএম পল্লী বিদ্যু. সমিতি, কমলনগর |
| ২৩ | ইউজিডিপিঃ উপজেলা উন্নয়ন সহায়ক সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা উন্নয়ন সহায়ককে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা উন্নয়ন সহায়ক |
| ২৪ | তথ্য আপা প্রকল্পঃ উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, কমলনগর |
| ২৫ | ফায়ার সার্ভিসঃ ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিসকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস |
| ২৬ | ইসলামিক ফাউন্ডেশনঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন এর প্রতিনিধি জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্নভাবে সভা সমাবেশ করে মাস্ক ব্যবহার করার জন্য বলা হয়েছে। করোনা বিষয়ে আমাদের শিক্ষা কার্যক্রমের সকল শিক্ষকদের নিয়ে মিটিং করে সামাজিক দূরত্ব বজায় রেখে মাস্ক ব্যবহার করে চলার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলার সকল ট্যাগ অফিসারগণকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। কোভিড-১৯ পরিস্থিতি উন্নতি হলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের ছাত্র-ছাত্রী ঝরে পড়া রোধে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক শিক্ষার মানোন্নয়নে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানান। বিদ্যমান আইন ও বিধি বিধানের মধ্যে সরকারি সেবা ব্যবস্থার যে কোন উদ্ভাবনী কৌশল সভায় আলোচনা বা উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রস্তাব করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ করেন। এছাড়া উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের মাধ্যমে সরকারের যাবতীয় কর্মসূচির সঠিক বাস্তবায়নের জন্য আহ্বান জানান।

তিনি আরো জানান যে, চলতি মাসের ২৫ তারিখের মধ্যেই সকল ইউপি চেয়ারম্যানগণকে টিসিবি'র তালিকা দেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সিমগুলো প্রকৃত শ্রমিকদের নামেই করার জন্য ইতোপূর্বে অনুরোধ করা হয়েছিল। পরবর্তীতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ দায়ী থাকবেন মর্মে সভায় অবহিত করেন।

সভাপতি সভায় সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। উপজেলার সকল ইউপি চেয়ারম্যান ও সকল কর্মকর্তাগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করার আহবান জানান। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার অনুরোধ করেন। কমলনগর উপজেলায় সকল মানুষ যেন করোনা ভ্যাকসিন পায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

বিবিধঃ

এছাড়া জানুয়ারি/২০২২ মাসে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত নিম্নলিখিত অর্থ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো ঃ

০১. উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের আপ্যায়ন বাবদ পরিশোধ-৩০,০০০/- টাকা।
০২. উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের বিবিধ খরচ বাবদ পরিশোধ-৫,০০০/- টাকা।
০৩. উপজেলা চেয়ারম্যান-এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-৪০,০০০/- টাকা।
০৪. উপজেলা ভাইস চেয়ারম্যান-এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৫. উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)-এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৬. জনাব কেশব চক্রবর্ত্তী, অফিস সহায়ক এর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৭. জনাব আনোয়ার পারভেজ, অফিস সহায়ক এর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৮. জনাব লক্ষন চন্দ্র দাস, মালী এর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৯. জনাব হারুনুর রশিদ, সুইপার এর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১১,০০০/- টাকা।
১০. মহান বিজয় দিবস/২০২১ উদযাপন বাবদ পরিশোধ-৫০,০০০/- টাকা।
১১. উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার মেরামত বাবদ পরিশোধ-১,৯৯,৯৯৯/-টাকা।
১২. উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার মেরামত বাবদ পরিশোধ-১,৯৯,৯৮৮/-টাকা।
১৩. উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে বৈদ্যুতিক মালামাল ক্রয়, ফিটিং চার্জ ও মেরামত বাবদ পরিশোধ-৫৭,৯৩০/-টাকা।
১৪. উপজেলা পরিষদের বাসা ভাড়া বাবদ প্রাপ্তি-১,৫১,৮০০+৬,৪৪,৯৪৮=৭,৯৬,৭৪৮/- টাকা।
১৫. ভূমি হস্তান্তর কর ১% বাবদ প্রাপ্তি-৭,৬২,৩৮৭.৬৪/-টাকা।
১৬. জানুয়ারি/২০২২ মাস শেষে উপজেলা রাজস্ব তহবিলে স্থিতি-২৮,৫১,২২৩.৬৪/- টাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

22/02/2022
(মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

স্মারক নং ০৫.৪২.৫১৩৩.০০০.০২০.০০৮.২০২২-১১৫

তারিখ ঃ ২২.০২.২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
০২. পরিচালক, স্থানীয় সরকার, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
০৩. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫. সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. উপজেলা . . . . . . . . . . . . . . . . . .কর্মকর্তা, কমলনগর, লক্ষ্মীপুর।
০৭. চেয়ারম্যান . . . . . . . . . . . . . . . . . (সকল) ইউ পি, কমলনগর, লক্ষ্মীপুর।
০৮. জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর।